

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৪ (মাদ্রাসা-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৫.০২.০০৫.১৩-১৯৯

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ
২২ জুলাই ২০১৫ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ দাখিল ও আলিম স্তরের পাঠদান অনুমতি/স্বীকৃতি প্রদান।

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের প্রাথমিক অনুমতি, একাডেমিক স্বীকৃতি ও বিষয়/বিভাগ খোলা সংক্রান্ত বাছাই কমিটির ২৯/০১/২০১৫ তারিখের সভার সুপারিশের আলোকে নিম্নবর্ণিত মাদরাসাসমূহের দাখিল ও আলিম স্তরে পাঠদানের প্রাথমিক অনুমতি/স্বীকৃতি প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো। তবে উক্ত প্রতিষ্ঠানসমূহ নিম্নরূপ শর্তাদি অনুসরণ করবেঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদনের বিষয় |
|--------------|--|-------------------------|
| ১ | তাক্বিয়াতুল ইসলাম দাখিল মাদরাসা, উপজেলা-গাজীপুর সদর, জেলা-গাজীপুর | দাখিল পর্যায়ে পাঠদান |
| ২ | দক্ষিণ করিমপুর হোসাইনিয়া দাখিল মাদরাসা, উপজেলা-দাগনভূঞা, জেলা-ফেনী | দাখিল একাডেমিক স্বীকৃতি |
| ৩ | কুল্লাহ দাখিল মাদরাসা, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ | দাখিল পর্যায়ে পাঠদান |
| ৪ | লুৎফুর রহমান ক্যাডেট মাদরাসা, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল | দাখিল পর্যায়ে পাঠদান |
| ৫ | কাশিপুর এন এস আলিয়া মাদরাসা, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল | দাখিল পর্যায়ে পাঠদান |
| ৬ | ডাহরা গোলপুকুরপাড় সৈয়দুমেছা দাখিল মাদরাসা, উপজেলা-হোসেনপুর, জেলা-কিশোরগঞ্জ | আলিম পর্যায়ে পাঠদান |

শর্তসমূহঃ

- এই কার্যক্রমে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি সরকার বহন করবে না;
 - সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে;
 - এই কার্যক্রমে/তার কোন অংশের জন্য এমপিও দাবী করা হবে না মর্মে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের নিকট প্রতিষ্ঠান কর্তৃক লিখিত অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
 - এ ছাড়াও কমিটি কর্তৃক আরোপিত সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে।
- ২। উপরোক্ত শর্তাদি পালন/অনুসরণের বিষয়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড নিশ্চিতকরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আঃ খালেদ মিঞা) ২২/৭/১৫
সহকারী সচিব (মাদরাসা-১)
☎ ৯৫৭৭৪২৪

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বখশিবাজার, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (তঁাকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত-সচিব (কারিগরি ও মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অধ্যক্ষ/সুপার.....
- ৭। অফিস নথি।